# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ১৭৮. খরচের প্রয়োজনীয় জায়গা সমূহে খরচ করতে কার্পণ্য করা

আল্লাহ্ তা’আলা বলেন:

وَلَا تَجْعَلْ يَدَكَ مَغْلُوْلَةً إِلَى عُنُقِكَ وَلَا تَبْسُطْهَا كُلَّ الْبَسْطِ فَتَقْعُدَ مَلُوْمًا مَّحْسُوْرًا

“তুমি তোমার হাতখানা একেবারেই কাঁধে গুটিয়ে রাখবে না। না তা একেবারেই সম্প্রসারিত করে রাখবে। তা হলে তুমি একদা নিন্দিত ও নিঃস্ব হয়ে বসে থাকবে”। (ইসরা’/ বানী ইসরাঈল : ২৯)

’আব্দুল্লাহ্ বিন্ ’আমর বিন্ ’আস্ব (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

إِيَّاكُمْ وَالشُّحَّ ؛ فَإِنَّمَا هَلَكَ مَنْ كَانَ قَبْلَكُمْ بِالشُّحِّ ، أَمَرَهُمْ بِالْبُخْلِ فَبَخِلُوْا ، وَأَمَرَهُمْ بِالْقَطِيْعَةِ فَقَطَعُوْا ، وَأَمَرَهُمْ بِالْفُجُوْرِ فَفَجَرُوْا

“তোমরা যা তোমাদের নিকট নেই এমন জিনিস পাওয়ার জন্য একেবারেই অস্থির হয়ে পড়ো না। কারণ, এমন অস্থিরতায় পড়েই তো একদা তোমাদের পূর্বেকার উম্মতরা ধ্বংস হয়ে গিয়েছে। মূলতঃ এমন অস্থিরতাই তাদেরকে কার্পণ্য শিখিয়েছে ফলে তারা কৃপণ হয়ে গিয়েছে। এমন অস্থিরতাই তাদেরকে নিজ আত্মীয়তার বন্ধন ছিন্ন করা শিখিয়েছে ফলে তারা নিজ আত্মীয়তার বন্ধন ছিন্ন করেছে। এমন অস্থিরতাই তাদেরকে হারাম কাজ করা শিখিয়েছে ফলে তারা হারামে লিপ্ত হয়েছে”।[1]

## ফুটনোট

[1] (আহমাদ, হাদীস ৬৪৮৭ আবু দাউদ, হাদীস ১৬৯৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11428

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন